



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
জোনাল অফিস, কুষ্টিয়া-৭০০০।
ই-মেইল: ccdokst@cdb.gov.bd



নম্বর: ১২.০৭.৪০৫০.৩৮০.৭৫.০০১.২১.২১

তারিখ: ১৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ১০ ফেব্রুয়ারি ২০২৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অত্র কুষ্টিয়া জোনের সকল মাঠকর্মকর্তা, মাঠকর্মী ও অফিস স্টাফদের নিয়ে মাসিক অধিবেশন ও প্রশিক্ষণ, ইনোভেশন কার্যক্রম এবং জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতার উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত মাসিক সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী ও পূর্বে দেয় ছকপত্র মোতাবেক প্রত্যেকটি প্রতিবেদন পূর্নাঙ্গভাবে পূরন করতঃ প্রতিবেদন ও চাহিত বিলপত্রসহ যথাসময়ে অধিবেশন কক্ষে কোডিড-১৯ পরিস্থিতিতে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে মাস্ত্র পরিধান করে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, অধিবেশন শুরুর ১৫ মিনিট পূর্বে অধিবেশন কক্ষে উপস্থিত হতে হবে এবং অধিবেশন চলাকালীন সময় পর্যন্ত মোবাইল ফোন বন্ধ রেখে অধিবেশন কক্ষে অবস্থান করতে হবে এবং ক্রমানুসারে চাহিত সকল প্রতিবেদন আবশ্যিকভাবে জমা/দাখিল করতে হবে।

অধিবেশনের আলোচ্যসূচী ও প্রতিবেদন সমূহঃ

- ১। ২০২৩-২৪ মৌসুমে মনিটরিং ছক নং-১ মোতাবেক উদ্ভুদ্ধকরণ কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন (জানুয়ারি-২৪ হতে ক্রমপঞ্জিত চলমান)।
- ২। ২০২৩-২৪ মৌসুমে মনিটরিং ছক নং-২ মোতাবেক দলীয় আলোচনার অগ্রগতির প্রতিবেদন (জানুয়ারি-২৪ হতে ক্রমপঞ্জিত চলমান)।
- ৩। ২০২৩-২৪ মৌসুমে মনিটরিং ছক নং-৩ মোতাবেক তুলাচাষের অগ্রগতির প্রতিবেদন (নভেম্বর-২০২১ হতে ক্রমপঞ্জিত চলমান)।
- ৪। ২০২৩-২৪ মৌসুমে জাতওয়ারী তুলাবীজ প্রাপ্তি, বিতরণ, বিক্রয় এর প্রতিবেদনসহ বিক্রয়কৃত তুলাবীজের মূল্য জমাদানের প্রতিবেদন আনয়ন।
- ৫। ২০২৩-২৪ মৌসুমে বিভাগীয় স্তর বিতরণের প্রতিবেদন আনয়ন। (ছকপত্র মোতাবেক)
- ৬। ২০২৩-২৪ মৌসুমে রাজস্ব খাতের অর্থায়নে তুলার প্রদর্শনী, তুলার আইপিএম প্রদর্শনী ও অনফার্ম ট্রায়াল প্রদর্শনী গ্লটের অগ্রগতির প্রতিবেদন (নির্ধারিত ছকপত্র মোতাবেক প্রতিটি চাষীর জন্য আলাদা প্রদর্শনীর ধরন/প্রযুক্তি মোতাবেক) ও সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।
- ৭। ২০২৩-২৪ মৌসুমে তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প খাতের অর্থায়নে তুলার আদর্শ প্রদর্শনী, তুলার পার্টিসিপেটরী রিসার্চ প্রদর্শনী ও অনফার্ম ট্রায়াল প্রদর্শনী গ্লটের অগ্রগতির প্রতিবেদন ও (নির্ধারিত ছকপত্র মোতাবেক প্রতিটি চাষীর জন্য আলাদা প্রদর্শনীর ধরন মোতাবেক) সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।
- ৮। ২০২৩-২৪ মৌসুমে "তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ" কর্মসূচী খাতের অর্থায়নে তুলা+মসলা জাতীয় ফসল প্রদর্শনী গ্লটের বপন অগ্রগতির প্রতিবেদন (ছকপত্র মোতাবেক-বামন্দি ইউনিট) সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।
- ৯। ২০২৩-২৪ মৌসুমে বিটি তুলার মাসিক অগ্রগতির প্রতিবেদন ও সাইনবোর্ডসহ ছবি আনয়ন (আবশ্যিক)।

সময়কালঃ..... তারিখ হতে..... তারিখ পর্যন্ত।

ক্রঃ নং	ইউনিটের নাম	চাষীর নাম, পিতা/স্বামীর নাম, মোবাইল ও এনআইডি নং	জাত ও বপন দুরত্ব	বপন তারিখ	প্রতিবেদনাদিীন সময়ে বিটি তুলার মাঠে সম্পন্নকৃত কার্যক্রম (ধারাবাহিকভাবে লিখতে হবে)	কার্যক্রমের সময় গৃহীত বায়োসেফটি মেজারস (ধারাবাহিকভাবে লিখতে হবে)	গাছের উদ্ভদতাত্ত্বিক অবস্থাসহ(কুড়ি, ফুল, ফল উল্লেখ পূর্বক)
১	২	৩	৪	৫	৬	৭	৮

১০। ব্লক ভিত্তিক তুলাচাষ উদ্ভুদ্ধকরণ দলীয় আলোচনার জানুয়ারি-২০২৪ মাসে অনুষ্ঠেয় সভার ক্রমপঞ্জিত প্রতিবেদনসহ ফেব্রুয়ারি-২০২৪ মাসে ব্লক ভিত্তিক তুলাচাষ উদ্ভুদ্ধকরণ দলীয় আলোচনা সভার স্থান, তারিখ ও সময় উল্লেখ পূর্বক প্রতিবেদন।

১১। বিবিধঃ ফেব্রুয়ারি-২০২৪ মাসের অগ্রিম ভ্রমনসূচীসহ ফেব্রুয়ারি-২০২৪ মাস পর্যন্ত, অফিস ভাড়া বিল, বিদ্যুৎ বিল, কাড়ুদার বিল, বিলসহ অন্যান্য বিলপত্র (যদি থাকে) আনয়ন।

১০-০২-২০২৪

শেখ আল মামুন

প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা

০২৪৭৮৮৫৩১৯১

ccdokushtia@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কটন ইউনিট অফিসার/স্টোর-কাম-ফিল্ডম্যান, সিডিবি,.....ইউনিট, কুষ্টিয়া জোন।
- ২। সহকারী জিনিং কর্মকর্তা (ভাঃ), তুলা উন্নয়ন বোর্ড, মেহেরপুর জিনিং কেন্দ্র, কুষ্টিয়া জোন।
- ৩। তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, সিডিবি, কুষ্টিয়া জোন, কুষ্টিয়া।
- ৪। অফিস স্টাফ, সিডিবি, কুষ্টিয়া।
- ৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার দপ্তর, সিডিবি, কুষ্টিয়া জোন, কুষ্টিয়া, (আপনাকে বিজ্ঞপ্তিটি সিডিবি,

কুষ্টিয়ার ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো।);

৬। উপপরিচালক, উপ-পরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, যশোর অঞ্চল, যশোর এবং

৭। নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।

